DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 07 Oct 2026, 08:21 AM

সারাদেশ

ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার

প্রতিবেদক: ঝালকাঠি প্রতিনিধি
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৬ অক্টোবর ২০২৬, ০৬:৫৪ PM

ঝালকাঠির নলছিটিতে দুই কেজি গাঁজাসহ রাকিব হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ।

সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নের দপদপিয়া জিরো পয়েন্ট এলাকার অটোস্ট্যান্ডসংলগ্ন সড়ক থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতার রাকিব দিনাজপুরের পার্বতীপুর থানার ঘনশ্যামপুর গ্রামের বাসিন্দা।

পুলিশ জানায়, ওই এলাকায় অভিযান চালায় পুলিশ। এ সময় রাকিবের কাছ থেকে দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়।

নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তৌহিদুজ্জান সোহাগ বলেন, মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে তাকে গাঁজাসহ গ্রেফতার করা হয়েছে। এ ঘটনায় মামলা করা হয়েছে।

এ বিভাগের আরও খবর

রাজৈরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা

মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত ছেলের অত্যাচার ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা। উপজেলার কামালদি ব্রিজের সুতা...

শার্শায় ২০০ বোতল উইনসেরেক্স কফ সিরাপসহ গ্রেপ্তার ১

যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেক্স কফ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...

ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া

ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অপ্রাপ্ত বয়সসহ সামাজিক পরিস্থিতি বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল সোম...

প্রধানমন্ত্রীর হাত থেকে জাতীয় গুণী শিক্ষক পুরস্কার পেলেন ব্রাহ্মণবাড়ীয়ার আহসান শাহরিয়ার

জাতীয় পর্যায়ে গুণী শিক্ষক হিসেবে সম্মাননা পেয়েছেন ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের প্রাণীবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক আহসান শাহরিয়ার তোহফা। প...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/jhalkathite-ganjash-trun-greftar